আজকের কাগজ

তারিখ 23 NOV 1992 পৃষ্ঠা ২ কলাম ২

106

# লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের জন্যে ছাত্র-ছাত্রীদের প্রতি উপাচার্যের আহবান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজ উদ্দীন আহমদ শিক্ষার সার্বিক পরিবেশ বজায় রেখে লেখাপড়ার পাশাপাশি সকল প্রকার সহশিক্ষা কার্যক্রম বিশেষ করে খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠানে ব্যাপকভাবে অংশগ্রহণ করার জন্যে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের প্রতি আহবান জানিয়েছেন।

উপাচার্য শনিবার মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল মিলনায়তনে হল ছাত্র সংসদ আয়োজিত "সংসদীয় রীতিতে বিতর্কানুষ্ঠান '৯২" অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক মনিরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এস, এম, এ ফায়েজ এবং অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন হল ছাত্র সংসদের ভিপি মনোয়ার হোসেন ও সাহিত্য সম্পাদক শ.ম. ওমর ফারুক।

"বাংলাদেশের শিল্পায়নে পরিবেশ সমস্যা বিবেচনা জরুরি" শীর্ষক বিতর্কের পক্ষে প্রতিযোগীরা ছিলো জিয়া হলের ছাত্র আল মামুন ও ফেরদৌসুর রহমান বাপ্পী এবং বিপক্ষে ছিলো ঢাকা ইউনিভারসিটি ডিবেটিং সোসাইটির সদস্য শামীম ও সদস্যা জেসরিনা হায়দার। বিতর্কানুষ্ঠানের স্পীকার ছিলেন নিয়ামত ইলাহী। বিতর্কে জিয়া হল বিজয়ী হয়। সংবাদ বিজ্ঞপ্তি।